# বিকেলে বিশ্বকাপ স্কোয়াড বৈঠকে বসবেন আসিফ নজরুল

সংগৃহীত ছবি

নিরাপত্তাজনিত কারণে ফেব্রুয়ারিতে ভারত সফরে যাবে না বাংলাদেশ। আইসিসি জানিয়েছে, বিশ্বকাপ খেলতে হলে ভারতেই অংশ নিতে হবে, অন্যথায় অন্য দলকে অন্তর্ভুক্ত করা হবে। বিসিবিকে সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য এক দিন সময় দেওয়া হয়েছে।

টি-টোয়েন্টি বিশ্বকাপে অংশ নেয়ার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে বৃহস্পতিবার (২২ জানুয়ারি) বিকেলে দলের সঙ্গে বৈঠক করবেন যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ নজরুল। বৈঠকটি বিকেল তিনটায় শুরু হওয়ার কথা।

এর আগে বিসিবি সভাপতি আমিনুল ইসলাম বুলবুলও ক্রীড়া উপদেষ্টার সঙ্গে আলোচনা করেছেন। তিনি বলেছেন, সরকারকে কোনো চাপ দিতে চান না এবং বিশ্বকাপ খেলতে চাইলে সেটা শ্রীলঙ্কার মাটিতে হওয়া উচিত।

আইসিসি অবস্থান অপরিবর্তনীয় রাখায় ক্রীড়া উপদেষ্টা আজই খেলোয়াড়দের সঙ্গে বৈঠক করবেন। সরকারের চূড়ান্ত সিদ্ধান্ত জানালে তা আজই আইসিসিকে জানানো হবে।

LENS ASIA